জেলা পরিষদ

বাগেরহাট।

www.zpbagerhat.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## গরীব মেধাবী ছাত্র-ছাত্রীদের এককালীন বৃত্তি ও বিশেষ সম্মাননা প্রদান বিজ্ঞপ্তি ঃ

বাগেরহাট জেলা পরিষদ কর্তৃক ২০২২-২৩ অর্থবছরের রাজস্ব বাজেটের আওতায় গরীব মেধাবী ছাত্র-ছাত্রীদের মাঝে এককালীন বৃত্তি প্রদানের লক্ষ্যে ২০২২ সালে অনুষ্ঠিত এস.এস.সি/সমমান এবং এইচ.এস.এস.সি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ প্রাপ্ত ছাত্রছাত্রীদের নিকট হতে নিম্নবর্নিত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে দরখাস্ত আহব্বান করা যাচ্ছে। এছাড়া যে সকল ছাত্র-ছাত্রী বাগেরহাট জেলার স্থায়ী বাসিন্দা যারা বিভিন্ন সরকারি বিশ্ববিদ্যালয়/মেডিকেল কলেজ/প্রকৌশল বিশ্ববিদ্যালয়-এ ২০২৩ সালে ভর্তির সুযোগ পেয়েছেন তাদেরকে বিশেষ সম্মাননা প্রদান করা হবে।

শর্তাবলীঃ-

১। আবেদনকারী ছাত্র-ছাত্রীদের ২০২২ সালে অনুষ্ঠিত এস. এস.সি/সমমান এবং এইচ.এস.এস.সি/সমমান পরীক্ষায় জিপিএ-৫.০০ থাকতে হবে (আবেদন ফরম -ক এর জন্য প্রযোজ্য)।

২। বিশেষ সম্মাননার জন্য আবেদনকারী ছাত্র-ছাত্রীকে যেকোন সরকারি মেডিকেল কলেজ/বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়/পাবলিক বিশ্ববিদ্যালয়-এ ২০২২-২৩ শিক্ষাবর্ষে ভর্তির সুযোগ পেয়েছেন এমন প্রমাণ থাকতে হবে (আবেদন ফরম -খ এর জন্য প্রযোজ্য)।

৩। মুক্তিযোদ্ধা পোষ্য এবং প্রতিবন্ধী/অতি দরিদ্র প্রার্থীদের ক্ষেত্রে সকল বিভাগে জিপিএ ৪.৭৫ থাকতে হবে। মুক্তিযোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয় হতে প্রদত্ত সনদপত্র এবং মুক্তিযোদ্ধার সহিত সম্পর্কের বিষয়ে ইউঃ পিঃ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে সমাজসেবা বিভাগ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৪। আবেদনকারীকে অবশ্যই বাগেরহাট জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার অনুমোদিত যে কোন শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত/অধ্যয়ণরত শিক্ষার্থী হতে হবে।

৫। আবেদনপত্রের সাথে এস.এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষার নম্বর ফর্দের সত্যায়িত কপি এবং সম্প্রতি অধ্যয়নরত/সমাপ্ত (প্রযোজ্য ক্ষেত্রে) শিক্ষা প্রাতষ্ঠান/বিভাগীয় প্রধানের সুপারিশ/মতামত থাকতে হবে।

৬। আবেদনকারীকে ২০২২-২৩ শিক্ষাবর্ষে যে কোন সরকারি মেডিকেল কলেজ/ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়/পাবলিক বিশ্ববিদ্যালয়-এ ভর্তির প্রমাণক সংযুক্ত করতে হবে (আবেদন ফরম -খ এর জন্য প্রযোজ্য)।

৭। আবেদনপত্রের সাথে আবেদনকারীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ/বিভাগীয় প্রধান/প্রধান শিক্ষক কর্তৃক সত্যায়িত) সংযুক্ত করতে হবে।

৮। আবেদনকারী অবশ্যই বাগেরহাট জেলার স্থায়ী বাসিন্দা এবং আর্থিক অসচ্ছলতা সম্পর্কে সংশ্লিষ্ট ইউঃপি চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে (আবেদন ফরম -ক এর জন্য প্রযোজ্য)।

৯। আবেদনকারীকে স্বহস্তে ফরম পূরণ পূর্বক পূর্ণ নাম সহ স্বাক্ষর করতে হবে এবং অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০। বৃত্তির জন্য নির্ধারিত পৃথক আবেদন ফরম জেলা পরিষদ অফিস/জেলা পরিষদ এর ওয়েবসাইট www.zpbagerhat.gov.bd -এ এবং সকল উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে (ফটোকপি গ্রহণযোগ্য)।

১১। নির্ধারিত ফরমে আবেদনপত্র আগামী ৩০/০৮/২০২৩খ্রি. তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময় পর্যন্ত) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌঁছাতে হবে।

১২। প্রয়োজনে এ বিষয়ে বিস্তারিত তথ্যাদি বাগেরহাট জেলা পরিষদ কার্যালয় এবং প্রশাসনিক কর্মকর্তা জনাব একেএম জাকির (মোবাইল নং ০১৭১৮-২৪৯২৫৩) এবং সংশ্লিষ্ট সহকারী জনাব পলাশ কুমার পাল (মোবাইল নং ০১৭২৪-৪৬৭৬৫০) এর নিকট হতে জানা যাবে।

৩০|০৭|২৩

ঝুমুর বালা
প্রধান নির্বাহী কর্মকর্তা(ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, বাগেরহাট
ফোন নং-০২৪৭৭-৭৫২৪৮১
Email: zpbagerhat@lgd.gov.bd

স্মারক নং- ৪৬.৪২.০১০০.০০১.৩৪.০৯.২৩-১৮৯(১৮)

তারিখঃ ৩০ জুলাই ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জৈষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, বাগেরহাট।

৪। জেলা প্রশাসক, বাগেরহাট।

৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ ........................................... (সকল)

৬। পুলিশ সুপার, বাগেরহাট।

চলমান পাতা-২

৭। উপপরিচালক, স্থানীয় সরকার জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।
৮। সিভিল সার্জন, বাগেরহাট।
৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোল্লাহাট/ফকিরহাট/চিতলমারী/বাগেরহাট সদর/কচুয়া/রামপাল/মোংলা/মোড়েলগঞ্জ/শরণখোলা।
১০। মেয়র, বাগেরহাট/মোড়েলগঞ্জ/মোংলা পৌরসভা বাগেরহাট।
১১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, মোল্লাহাট/ফকিরহাট/চিতলমারী/বাগেরহাট সদর/কচুয়া/রামপাল/মোংলা/মোড়েলগঞ্জ/শরণখোলা।
১২। জেলা শিক্ষা কর্মকর্তা, বাগেরহাট।
১৩। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, ........................................................................................ ...................., বাগেরহাট।
১৪। জেলা তথ্য অফিসার, বাগেরহাট এর অবগতি এবং বিজ্ঞপ্তিটি ব্যপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৫। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, বাগেরহাট।
১৬। প্রশাসনিক কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট।
১৭। হিসাব রক্ষক, জেলা পরিষদ, বাগেরহাট।
১৮। অফিস কপি/নোটিশবোর্ড/ওয়েবসাইট।

৩০/০৭/২৩

ঝুমুর বালা
প্রধান নির্বাহী কর্মকর্তা(ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, বাগেরহাট

৩০/০৭/২০২৩